মুজিবনগরে পতাকা বৈঠকে শিশু-সহ ৪ বাংলাদেশিকে হস্তান্তর

মেহেরপুরের মুজিবনগর সীমান্তের স্বাধীনতা সড়কে বাংলাদেশ-ভারত সীমান্তের ১০৫ নম্বর পিলারের কাছে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতে অনুপ্রবেশকারী এক শিশুসহ চার বাংলাদেশি নাগরিককে ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

আজ শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এবং ভারতের ১৬১ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে অনুষ্ঠিত কোম্পানি কমান্ডার পর্যায়ের পতাকা বৈঠকে তাদের হস্তান্তর করা হয়। তারা হলেন-চাঁদপুর জেলার হাজীগঞ্জ থানার শহিদুল্লাহর ছেলে রতন হোসেন (৩৭), রতনের স্ত্রী রাবেয়া আক্তার (৩৪), মেয়ে হাবিবা খাতুন ও ছেলে ইমাম হোসেন।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) পরিচাললক অধিনায়ক লে: কর্ণেল মো: নাজমুল হাসান জানান, বিজিবির মুজিবনগর কোম্পানি কমান্ডার সুবেদার আবুল বাসার মিয়া এবং বিএসএফের কৃশানগর কোম্পানি কমান্ডার ধর্মবীর সিং বৈঠকে উপস্থিত ছিলেন। বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষী বাহিনীর পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়ের অংশ হিসেবে এ ধরনের পতাকা বৈঠক দুই দেশের মধ্যে আস্থা ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ় করছে।

মুজিবনগরে ধানের শীষে ভোট চেয়ে মাসুদ অরুনের গণসংযোগ

মুজিবনগর ধানের শীষের পক্ষে ভোট দিতে জনগনকে উৎসাহিত করতে গনসংযোগ করেছেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বৃহস্পতিবার বিকালে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে উপজেলার

দারিয়াপুর গ্রামে এ গনসংযোগ করেন তিনি।

গণসংযোগ এর উদ্দেশ্যে মাসুদ তরুণ দারিয়াপুর ইউনিয়নের পৌঁছালে দারিয়াপুর ইউনিয়নবাসী ও বিএনপি’র নেতাকর্মীবৃন্দ তাকে বরণ করে নেন এ সময় মাসুদ আরুনকে একনজর দেখার জন্য রাস্তার দুই ধারে নারী পুরুষ শিশু সহ অসংখ্য লোকের ভিড় জমে যায়। এ সময় তারা হাততালি দিয়ে মাসুদ আরুনকে শুভেচ্ছা জানান।

র্যালীর মধ্যে দিয়ে রাস্তায় চলমান সাধারন জনগনের সাথে কুশল বিনিময় করেন মাসুদ অরুন।

এ সময় সাধারন জনগনকে ধানের শীষে ভোট দিতে আহব্বান জানান তিনি।

গনসংযোগ শেষে নেতাকর্মী ও জনগণের উদ্দেশ্যে মাসুদ অরুন বলেন, ৫ আগস্ট শেখ হাসিনার পতনের পর বাংলাদেশের জনগণের সরকার প্রতিষ্ঠার সংগ্রাম সেই গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার সংগ্রামে আমরা ছিলাম। গত এক বছর অন্তর্বর্তীকালীন সরকারের রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে আমাদের দল-বিএনপি সহ বাংলাদেশের সকল গণতান্ত্রিক শক্তি তাদেরকে সহযোগিতা করেছে। বিএনপি কথা দিয়েছে সরকারকে সহযোগিতা করতে হবে একটি গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের স্বার্থে। আগামী বছর ফেব্রুয়ারি প্রথম সপ্তাহে নির্বাচন অনুষ্ঠিত হবে। আমরা পরিষ্কারভাবে বলতে চাই এই নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের প্রতিষ্ঠিত দল বেগম খালেদা জিয়ার নেতৃত্বে যে দল এদেশের গণতন্ত্র এবং মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে অগ্রগামী ছিল।সেই দল আগামী দিন ধানের শীষে যাকে মনোনয়ন দিবে আমরা তাকে বিজয়ী করব ইনশাআল্লাহ।

তিনি আরো বলেন, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন এই মুহূর্তে প্রতিটা ভোটারের কাছে এবং বাড়িতে বাড়িতে যেতে হবে আমাদের মা বোনদের কাছে। প্রচার-প্রচারণা মিছিল মিটিং গনসংযোগ সব কিছুর মধ্য দিয়ে জনগণের সেই আস্থা অর্জন করতে চাই যে বিএনপি রাষ্ট্র ক্ষমতায় গেলে তারেক রহমানের ঘোষিত বিএনপি ঘোষিত ৩১দফা কর্মসূচির মধ্য দিয়ে একটি নতুন বাংলাদেশ গঠন হবে।

নির্বাচন নিয়ে অনেক ষড়যন্ত্র হচ্ছে অনেক ষড়যন্ত্র হবে নির্বাচনকে বানচাল করার চেষ্টা চলবে আমরা পরিষ্কার বলছি ১৫ বছর হাসিনার বিরুদ্ধে লড়াই করেছি ১৫ বছর দুঃশাসনের বিরুদ্ধে সংগ্রাম করেছি অনেক রক্ত এবং জীবনের বিনিময়ে আজ এই অন্তর্বর্তীকালীন সরকার প্রতিষ্ঠা লাভ করেছে। এই সরকারের নির্ধারিত সময়ে যে

নির্বাচন জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠার যে সুযোগ এই সুযোগ যারা ছিনতাই করতে চায় আমরা তাদের বিরুদ্ধে জনমত তৈরি করব। আমরা রাজপথে আসি রাজপথে থাকবো।

গনসংযোগকালে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মেহেরপুর জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা স্বেচ্ছাসেবকদলের সহ সভাপতি আজিমদ্দীন গাজী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী সহ বিএনপি, যুবদল, শ্রমিক দল, স্বেচ্ছাসেবক দল, কৃষক দল ও ছাত্রদলের বিপুল সংখ্যাক নেতা কর্মী।

মুজিবনগরে গণিত মাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গণিত মাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১৭ সেপ্টেম্বর) বেলা ১১টার দিকে মুজিবনগর গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির আয়োজনে বল্লভপুর অফিস প্রাঙ্গণে চতুর্থ শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির প্রোগ্রাম অফিসার এন. টন ফলুয়ারের সঞ্চালনায় সভাপতিত্ব করেন গুডনেইবারস মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুল ইসলাম এবং দারিয়াপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ আওলিয়া খাতুন।

অঙ্ক প্রতিযোগিতায় উপজেলার ১০টি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ জন শিক্ষার্থী অংশ নেন।

অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো হলো, মাঝপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, নাজিরাকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়, কেদারগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়, জয়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাগোয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়, সোনাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ভবেরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়।

গণিত প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেন ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আফিয়া জয়নব সহি, দ্বিতীয় স্থান অর্জন করেন বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাদিয়া তাসনিম এবং তৃতীয় স্থান অর্জন করেন ভবেরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রিমন চৌধুরী।

মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজে নবীনবরণ অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজে ২০২৫ সালে ভর্তিকৃত অনার্স প্রথম বর্ষ ও একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইসমাইল হোসেনের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দিন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক হেলাল উদ্দিন, ছাত্র উপদেষ্টা মোঃ মফিজুল ইসলামসহ নবীন ও প্রবীণ শিক্ষার্থীরা।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর বখতিয়ার উদ্দিন বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদের প্রশংসা করে বলেন, তাদের নেতৃত্বে এই ২৪ এর গণঅভ্যুত্থান ঘটেছে, আমরা পেয়েছি নতুন এক বাংলাদেশ।

শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, তোমরা পড়াশোনা করে মানুষের মতো মানুষ হবে। কিন্তু সমাজের এক শ্রেণির মানুষ আছেন, যাদের ক্ষোভ ও কষ্ট শুধু শিক্ষকদের প্রতি। তাঁরা অন্যান্য সমস্যার প্রতি দৃষ্টি না দিয়ে শিক্ষকদের বিরুদ্ধে বলছেন এটা ভালো লক্ষণ নয়। তোমরা লেখাপড়া করবে, শিক্ষক-গুরুজনদের সম্মান করবে, এবং আমাদের যে কোনো ক্রুটি বা বিচ্যুতির বিরুদ্ধে যুক্তিসঙ্গত কথা বলবে। আগামীতে তোমাদের নেতৃত্বেই একটি সুখী, সমৃদ্ধ বাংলাদেশ গড়ে উঠবে আমি বিশ্বাস করি।

সভাপতির বক্তব্যে অধ্যক্ষ শিক্ষার্থীদের নিয়মিত শ্রেণিকক্ষে অংশগ্রহণের ওপর বিশেষভাবে নির্দেশনা দেন। তিনি বলেন, আগামীতে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ ছাড়া কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

অনুষ্ঠানে ফুল ছিটিয়ে নবীন শিক্ষার্থীদের বরণ করা হয় এবং তাদের হাতে কলেজের লোগো সংবলিত একটি কলম ও রজনীগন্ধার স্টিক উপহার দেওয়া হয়।
অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীরা গান পরিবেশন করেন।

“মুজিবনগর ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ” (ওয়াইপিএজি)’র ত্রৈমাসিক সভা

এখনই সময় বাংলাদেশের সার্বিক উন্নয়নে যুবদের অংশগ্রহণ সঠিকভাবে নিশ্চিত করা। সেই লক্ষে সহিংসতা নিরসন ও সম্প্রীতি স্থাপনকে সামনে রেখে আজ শনিবার ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ (ওয়াইপিএজি) এর উদ্যোগে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

এফসিডিও এর অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্পের উক্ত সভায় উপস্থিত ছিলেন, ওয়াইপিএজির কোঅর্ডিনেটর মো: রিয়াজ শেখ, সহ-সমন্বয়কারী মুক্তা খাতুন এবং নাদিম আনজুম রেজা, পিএফজি

কোঅর্ডিনেটর মো: ওয়াজেদ আলি খান এবং ইয়ুথ পিস অ্যাম্বাসেডর গ্রুপ এর অন্যান্য সদস্যবৃন্দ।

উক্ত ত্রৈমাসিক সভায় পরবর্তী ত্রৈমাসিক কর্মপরিকল্পনা গ্রহণ করার বিষয়ে মূল বক্তব্য উপস্থাপন করেন, মাঠ সমন্বয়কারি মো: আশরাফুজ্জামান। সভায় ছাত্রদল, যুবদল, যুব সংগঠনের নেতৃবৃন্দ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের ছাত্র/ছাত্রী উপস্থিত ছিলেন।

ত্রৈমাসিক সভায় সকলে শান্তি স্থাপন ও সহিংসতা নিরসনে অঙ্গিকারবদ্ধভাবে কাজ করতে যে সকল বিষয়সমূহ আলোচনার মাধ্যমে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয় তাতে সতস্ফুর্তভাবে অংশগ্রহণ করবে বলে মত প্রকাশ করেন। বিশেষ করে তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণে সকলের সতস্ফুূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরন ও প্রশিক্ষণ এর সফলতার বিষয়ে সার্বিক সহযোগিতার উদ্যোগ গ্রহণ করতে উৎসাহিত করা হয়।

মুজিবনগরে দুই দেশের সম্প্রীতির বন্ধনে পূরণ হলো পচি খাতুনের শেষ ইচ্ছা

ভারত-বাংলাদেশ সম্প্রীতির বন্ধনে পূরণ হলো পচি খাতুনের শেষ ইচ্ছা। ভারতের নদিয়া জেলার চাপড়া থানার হৃদয়পুর গ্রামের বাসিন্দা মৃত জামাত শেখের স্ত্রী পচি খাতুনের (৬৫) শেষ ইচ্ছা ছিল মৃত্যুর পর যেন বাংলাদেশে থাকা তার নানাবাড়ির স্বজনরা অন্তত এক নজর তার মরদেহ দেখতে পারেন।

আজ তার মৃত্যু হলে তার পরিবার-পরিজন তার শেষ ইচ্ছার কথা ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) কাছে জানায় এবং তাদের অনুরোধ করে ইচ্ছা পূরণের জন্য। বিএসএফ তাদের অনুরোধে সাড়া দিয়ে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর (বিজিবি) সাথে যোগাযোগ করে। দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর আন্তরিক প্রচেষ্টায় মৃত পচি খাতুনের ইচ্ছা

পূরণ হয়।

শনিবার সকালে ভারতের হৃদয়পুর থেকে বিএসএফ সদস্যদের সহযোগিতায় পচি খাতুনের মরদেহ আনা হয় মুজিবনগর স্বাধীনতা সড়ক সীমান্তের ১২৫ নম্বর মেইন পিলারের কাছে। মুজিবনগর বিজিবি কোম্পানি কমান্ডার আবুল বাশার এবং ভারতের বিএসএফ চাপড়া কোম্পানি কমান্ডার মিঠুন কুমারের নেতৃত্বে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে কোম্পানি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের মাধ্যমে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনী আন্তরিকতা দেখিয়ে মরদেহ নিয়ে আসার অনুমতি প্রদান করে।

সীমান্তে মরদেহটি এনে মুজিবনগর উপজেলার সোনাপুর নতুনপাড়ার তার নিকট আত্মীয়দের দেখার ব্যবস্থা করা হয়। প্রায় ২৫ মিনিট মরদেহটি সীমান্তে রাখা হয়। এ সময় নিকট আত্মীয়স্বজনসহ আশপাশের বিপুল সংখ্যক মানুষ পচি খাতুনকে শেষবারের মতো দেখে বিদায় জানান। পরে মরদেহটি কবরস্থ করার জন্য আবার ভারতে ফিরিয়ে নেওয়া হয়।

মুজিবনগর সীমান্তে মা ও দুই মেয়েকে পুশ ইন করেছে বিএসএফ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর সীমান্ত দিয়ে মা ও দুই মেয়েকে পুশ ইন করেছেন ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

শুক্রবার সকালে বিজিবির সদস্যরা ওই তিনজনকে আটক করে মুজিবনগর থানায় সোপর্দ করেছেন।

বিজিবি জানিয়েছে, আটক তিনজন বাগেরহাট জেলার মমতা বেগম (৬০) এবং তাঁর দুই মেয়ে ময়না বেগম (৩০) ও মাহিনুর (২৫)। তবে দুই মেয়ে জন্মসূত্রে ভারতীয় নাগরিক বলে জানিয়েছে পুলিশ।

পুলিশ সূত্রে জানা গেছে, মমতা বেগম অবৈধভাবে গিয়ে ভারতের হরিয়ানা রাজ্যে ৩০ বছর ধরে বসবাস করছিলেন। জন্মসূত্রে তাঁর দুই মেয়ে ভারতীয় নাগরিক। মেয়েরা সেখানকার বিদ্যালয়ে লেখাপড়া করতেন। গত

রোববার হঠাৎ সেখানকার পুলিশ তাঁদের বাড়ি থেকে আটক করে বিএসএফের কাছে হস্তান্তর করে। বিএসএফ শুক্রবার সকালে দারিয়াপুর সীমান্তের আন্তর্জাতিক সীমানা পিলার ১১২–এর ৩ এস এলাকা দিয়ে বাংলাদেশে ঠেলে দেয়। পরে বিজিবি বাংলাদেশের ভূখণ্ড থেকে তাঁদের আটক করে।

মুজিববনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, ‘আটক তিনজনের ঠিকানা যাচাই করার জন্য বাগেরহাটে পুলিশকে বার্তা দেওয়া হয়েছে। ঠিকানা ও পরিচয় সঠিক হলে তাঁদের পরিবারের কাছে হস্তান্তর করা হবে’।

মুজিবনগরে বিএনপি’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মুজিবনগর উপজেলা বিএনপি’র উদ্যোগে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যালয়ের সামনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় একই স্থানে এসে শেষ হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আলহাজ্ব মশিউর রহমান।

এ সময় আরও উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক সৌরভ হোসেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম ও

সাধারণ সম্পাদক ইসলাম শেখ, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফুল হক কালু ও সাধারণ সম্পাদক সোনা গাইন, মোনাখালি ইউনিয়ন বিএনপি’র’র সভাপতি রায়হান কবির ও সাধারণ সম্পাদক টুটুল বিশ্বাস, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর রহমান ও সাধারণ সম্পাদক জিয়াউদ্দিনসহ উপজেলা বিএনপি ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

আলোচনা সভা ও র্যালিতে বক্তারা বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শে উদ্বুদ্ধ হয়ে নেতাকর্মীরা ঐক্যবদ্ধভাবে গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে অংশ নেবে।

মুজিবনগর থানায় জনসেবা বাড়াতে চালু হলো সার্ভিস ডেলিভারি সেন্টার

এখন থেকে কোন ধরনের জিডি বা অভিযোগ লেখার জন্য সাধারন জনগনকে কোন কম্পিউটারের দোকানে যেতে হবে না। এখন থেকেই এ সকল ধরনের সার্ভিস দেবে থানা।

পুলিশ থানাগুলোকে আরো জনমুখি করার লক্ষ্যে ও সেবার মান বৃদ্ধিসহ সাধারণ জনগনের ভোগান্তি কমাতে চালু করা হলো সার্ভিস ডেলিভারি সেন্টার।

সকল সাধারনণ জনগন এখন থেকে সরাসরি থানায় এসে সকল ধরনের অনলাইন জিডি সহ সকল ধরনের অভিযোগ লিখতে পারবে। আর এ সকল সেবা নিতে এসে দিতে হবে না কোন প্রকার টাকা। একদম ফ্রি ভাবেই সকল সেবা নিতে পারবে এখান থেকে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় মুজিবনগর থানায় সার্ভিস ডেলিভারি সেন্টারের উদ্বোধনকালে এ সকল কথা বলেন, পুলিশ সুপার মাকসুদা খানম।

এ সময় জনগণের মাঝে নতুন সেবা সাধারন জনগণের মাঝে পৌছিয়ে দেবার

জন্য সাংবাদিকদের সাথে মত বিনিময় করেন তিনি।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিনুর রহমান খান, পুলিশ সুপার সার্কেল আব্দুল করিম, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স ও সাধারণ সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমানসহ সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে চুরি হওয়া ট্রাক্টরের ব্যাটারি কুষ্টিয়ায় উদ্ধার, গ্রেফতার ১

মেহেরপুরের মুজিবনগরে পুরন্দরপুর গ্রামে মেসার্স ডালিম ব্রিক্স ইটভাটায় চুরি হওয়া ২টি ট্রাক্টরের ব্যাটারি কুষ্টিয়ায় অভিযান চালিয়ে উদ্ধার করেছে পুলিশ।

এ সময় মামলার এজাহারনামীয় এক আসামিকে গ্রেফতার করা হয়।

চুরির ঘটনাটি ঘটে ১৩ আগস্ট রাত ৮টা থেকে ১৪ আগস্ট ভোর ৫টার মধ্যে। এ সময় ইটভাটায় থাকা ২টি ট্রাক্টরের ব্যাটারি চুরি হয়।

এসআই স্বনজীব বিশ্বাসের দিকনির্দেশনা ও তথ্যপ্রযুক্তি ব্যবহার করে আজ মঙ্গলবার রাতে সংগীয় ফোর্সসহ কুষ্টিয়া জেলায় অভিযান চালিয়ে এজাহারনামীয় আসামি পুরন্দরপুর গ্রামের মো. কামাল হোসেনের ছেলে মো. লাল্টু মিয়া ওরফে লালকে (৩০) গ্রেফতার করা হয়।